ত্রাণ চাই, না হলে বিষ চাই’

ত্রাণের দাবিতে মহাসড়কে অবস্থান নেয় করোনায় কর্মহীন অসহায় দুস্থ মানুষরা। পরে ত্রাণ দেয়ার আশ্বাসে বাড়ি চলে যায় বিক্ষুদ্ধ জনতা। বুধবার (২২ এপ্রিল) বিকেলে লালমনিরহাটের হাতীবান্ধায় উপজেলার মধ্য গড্ডিমারী এলাকায় বুড়িমারী-লালমনিরহাট মহাসড়কে ঘণ্টাব্যাপী অবস্থান নেন তারা।

জানা গেছে, করোনায় কর্মহীন হয়ে পড়া অসহায় দুস্থরা আজ (বুধবার) বিকালে উপজেলার ওই এলাকায় ত্রাণের দাবিতে উপজেলার গড্ডিমারী ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ডের বুড়িমারী-লালমনিরহাট মহাসড়কে অবস্থান করেন। সেখানে স্থানীয়দের হাতে ‘হয় ত্রাণ দে, না হলে বিষ দে’, ‘ত্রাণ চাই, না হলে বিষ চাই’ এবং ‘করোনাভাইরাসের কারণে কর্মহীন অসহায় ও গরীব দুঃখি মানুষের ত্রাণের জন্য মানববন্ধন’ লেখা সম্বলিত ফেস্টুন দেখা যায়।

পরে খবর পেয়ে উপজেলা ত্রাণ কর্মকর্তা, গড্ডিমারী ইউপি চেয়ারম্যান, উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক ও উপজেলা প্রশাসন গিয়ে ত্রাণ দেয়ার আশ্বাস দিলে বিক্ষুদ্ধ জনতা বাড়ি চলে যায়।

এ

সময় মহাসড়কে অবস্থান নেয় অসহায় দুস্থরা জানায়, তারা কেউ ত্রাণ পায়নি। ত্রাণ নিয়ে তাদের কাছে কেউ আসেনি। তারা ‘ত্রাণ চায়, না হলে বিষ চায়’। অনেকেই জানান, পরিবারের সদস্যদের নিয়ে অনেক কষ্টে দিনপার করছে। এই কষ্ট দুর করতে ত্রাণের দাবি তাদের।

তবে এ বিষয়ে গড্ডিমারী ইউপি চেয়ারম্যান আতিয়ার রহমান বলেন, আজও আমার ইউনিয়নে ত্রাণ বিতরণ করা হয়েছে। যারা পায়নি তাদের দেওয়া হবে।

উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আবু বক্কর সিদ্দিক শ্যামল বলেন, এলাকার মানুষদের জন্য দিন-রাত কাজ করে যাচ্ছি। নিজ অর্থায়নে ব্যক্তিগতভাবে ত্রাণ বিতরণ করেছি। সরকারের ভাবমূর্তি নষ্ট করতে এই কাজ করা হয়েছে।

হাতীবান্ধা উপজেলা ত্রাণ ও প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (পিআইও)

ফেরদৌস আহমেদ বলেন, খবর পেয়ে আমি ঘটনাস্থলে গিয়েছিলাম। যারা ত্রাণ পায়নি তাদের তালিকা করতে বলা হয়েছে। তাদের দ্রুত ত্রাণ দেওয়া হবে।